

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(প্রশাসন-১ শাখা)
www.lgd.gov.bd


নং- ৪৬. ০৩৯. ০১৮. ০০. ০০. ০১৫. ২০১৫- ৫১০

তারিখঃ ০৮ চৈত্র ১৪২২ বঙ্গাব্দ
২২ মার্চ ২০১৬ খ্রিঃ

বিষয়ঃ ২৫ বছরের পুরানো নথিপত্র/রেকর্ডপত্র জাতীয় আরকাইভসে প্রেরণ সংক্রান্ত।

সূত্রঃ এফ.৪৩.২৫.০০০০.০০২.০৬.০০১.৮৮/২৭২(১৭) তারিখঃ ১০/০৩/২০১৬ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর হতে প্রাপ্ত পত্রটি সদয় দেখা যেতে পারে। উক্ত পত্রের নির্দেশনা অনুযায়ী জাতীয় আরকাইভস আইন, ২০১৩ (অধ্যাদেশ, ১৯৮৩) ও সচিবালয় নির্দেশমালা ২০১৪ এর ৯৬ ধারা অনুযায়ী স্থানীয় সরকার বিভাগে রক্ষিত ২৫ বছরের পুরাতন ক শ্রেণির রেকর্ডপত্র আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরভুক্ত জাতীয় আরকাইভস, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭ এ প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।


(মোঃ জাহিদ হোসেন)
সিনিয়র সহকারী সচিব
ফোন- ৯৫৭৫৫৭৩
e-mail: lgadmin1@lgd.gov.bd

বিতরণঃ

- ১। অতিরিক্ত সচিব(সকল)/ মহাপরিচালক(মইই), স্থানীয় সরকার বিভাগ।
- ২। যুগ্মসচিব(সকল), স্থানীয় সরকার বিভাগ।
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ৪। উপসচিব(সকল), স্থানীয় সরকার বিভাগ।
- ৫। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব(সকল), স্থানীয় সরকার বিভাগ।
- ৬। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ।

স্থানীয় সরকার বিভাগ
প্রেরণ ও প্রেরণ নথি
16 MAR 2016
ডায়েরী নং ১৬৫৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
৩২, বিচারশক্তি এল.এম. মোর্শেদ সরণী
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭।

website: www.nand.gov.bd

নং-এফ: ৪৩.২৫.০০০০.০০২.০৬.০০১.৮৮/২৭২ (১৭)

তারিখ: ১০/০৩/২০১৬ খ্রি:

বিষয়: ২৫ বছরের পুরানো নথিপত্র/রেকর্ডপত্র জাতীয় আরকাইভসে প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক: ৪৩.০০.০০০০.১১৫.২৫.০৬০.১৪-৫৯, তারিখ: ১০/০২/২০১৬ খ্রি:

মহোদয়,

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আপনার সদয় অবগতির জন্য জানাচ্ছি যে জাতীয় আরকাইভস আইন, ২০১৩ (অধ্যাদেশ, ১৯৮৩)-এর ৯(২)(ডি) ধারা অনুযায়ী বাংলাদেশ জাতীয় আরকাইভস দেশের সরকারি, আধাসরকারি এবং স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানসমূহের ২৫ বছরের উর্দ্বের ঐতিহাসিক গুরুত্বসম্পন্ন দলিল-দস্তাবেজ, নথিপত্র, প্রকাশনা, ছবি, ম্যাপ, পোস্টার ইত্যাদি সংগ্রহ, সংরক্ষণ, ব্যবস্থাপনা এবং পরিচর্যা করে। এছাড়াও সচিবালয় নির্দেশমালা ২০১৪ এর ৯৬ ধারায় 'ক' শ্রেণির মূল্যবান নথিসমূহ 'জাতীয় আরকাইভস' এ স্থানান্তরের বিধান রয়েছে।

২। জাতীয় আরকাইভসের সংগ্রহ বৃদ্ধির জন্য "২৫ বছরের অধিক পুরানো 'ক' শ্রেণির রেকর্ডপত্র আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরে প্রেরণ" বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ থেকে স্মারক নং ০৪.০০০০.৫১২.৮২.০৪৫.১৪-৬৩ তারিখ ০৫ ফেব্রুয়ারি, ২০১৫ অনুযায়ী একটি পত্র জারি করা হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগের পত্র জারির পরও ইচ্ছিত ফল লাভ হয়নি।

৩। বর্তমানে মন্ত্রিপরিষদ বিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয় ও সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এবং কোন কোন জেলা প্রশাসন দপ্তর থেকে নিয়মিতভাবে জাতীয় আরকাইভসে নথিপত্র প্রেরণ করা হয়। কিন্তু সুনির্দিষ্টভাবে আরকাইভস আইন, ২০১৩ (অধ্যাদেশ, ১৯৮৩), বেঙ্গল রেকর্ডস ম্যানুয়্যাল ১৯৪৩ এবং সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুযায়ী অধিকাংশ মন্ত্রণালয় এবং মন্ত্রণালয়গুলোর অধীনস্থ বিভাগ, অধিদপ্তর, সংস্থা এবং বিভাগ ও জেলা পর্যায়ের অফিস থেকে স্ব-উদ্যোগে ২৫ বছরের উর্দ্বের পুরাতন নথিপত্র, দলিল দস্তাবেজ, দুষ্প্রাপ্য ছবি, পোস্টার, ম্যাপ ইত্যাদি 'জাতীয় আরকাইভস' এ যথাযথভাবে প্রেরণ করা হয় না। এ বিষয়ে নথিপত্র সংগ্রহের জন্য জাতীয় আরকাইভসের প্রচেষ্টা অব্যাহত রয়েছে।

৪। বর্ণিত অবস্থায়, জাতীয় আরকাইভস এর সংগ্রহভাঙ্গার সমৃদ্ধ করার প্রয়োজনে জাতীয় আরকাইভস আইন, ২০১৩ (অধ্যাদেশ, ১৯৮৩) ও সচিবালয় নির্দেশমালা ২০১৪-এর ৯৬ ধারা অনুযায়ী আপনার মন্ত্রণালয়ে রক্ষিত ২৫ বছরের পুরাতন 'ক' শ্রেণির রেকর্ডপত্র আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরভুক্ত জাতীয় আরকাইভস, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭ এ প্রেরণের জন্য নির্দেশক্রমে বিন্দ্র অনুরোধ জানাচ্ছি।

সচিব
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

সদয় অবগতি:

- ১। সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সংশ্লিষ্ট নথি।

স্থানীয় সরকার বিভাগ সচিবের দপ্তর	
১) অতিরিক্ত সচিব	২) উপসচিব
৩) যুগ্ম-সচিব	৪) সচিব
	৫) আইন

(অদুদুল বারী চৌধুরী)

পরিচালক

ফোনঃ ৯১২৯৯৯২, ফ্যাক্স: ৯১৩৫৭০৯

ইমেইল: nanddirector@gmail.com

যুগ্ম-সচিব (প্রঃ) এর দপ্তর
স্থানীয় সরকার বিভাগ
স্মারক নং ১১৬
তারিখ: ২০/৩/১৬

স্মারক নং তারিখ: ২০/৩/১৬
গণপ্রজাতন্ত্রী কার্যার্থে প্রেরিত হলো
যুগ্ম-সচিব (প্রশাসন)
যুগ্ম-সচিব (উপজেলা)
যুগ্ম-সচিব (অডিট)
যুগ্ম-সচিব ()
উপ-সচিব ()
সিঃ সঃ সচিব ()
গণসেবাস অফিসার
অতিরিক্ত সচিব (প্রঃ)
স্থানীয় সরকার বিভাগ